| | |
|---|---|
| | নিলামক্রেতা সরেজমিনে সিডিউলে উল্লেখিত বৃক্ষের মান, শ্রেণী, ক্রমিক নং, অবস্থান, সংখ্যা ইত্যাদি ভালভাবে দেখে ও জেনে দর দাখিল করতে হবে। পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। |
| ৭ | নিলাম দরপত্রের সিডিউল/শর্তাবলী দরপত্রে বর্ণিত অফিস সমূহে অফিস চলাকালীন সময়ে দেখা যাবে। প্রতিটি নিলাম দরপত্র সিডিউল নগদ নির্ধারিত মূল্যে নিলাম দরপত্রে বর্ণিত তারিখ ও সময় পর্যন্ত ক্রয় করা যাবে। |
| ৮ | কোন নিলাম দরদাতার দাখিলকৃত নিলাম দরপত্রের সহিত সংযুক্ত কাগজপত্রে কোন ভূয়া, মিথ্যা বা জালিয়াতি প্রমান পাওয়া গেলে অথবা কোন মিথ্যা তথ্য প্রদান করলে উক্ত দরপত্র বাতিল ও জামানত বাজেয়াপ্ত করে জেলা পরিষদ তহবিলে জমা করা হবে। জামানতের বিডি/ পিও তে কোন জালিয়াতির প্রমান পাওয়া গেলে উক্ত দরপত্র বাতিল হবে এবং সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ সকল ভূয়া, মিথ্যা বা জালিয়াতির জন্য পরবর্তী সকল টেন্ডারের জন্য সঠিক কাগজপত্র দাখিল করলেও তার দরপত্র গ্রহণযোগ্য হবে না। |
| ৯ | নিলাম দরপত্রের নির্ধারিত স্থানে প্রতি পাতায় দরদাতার স্বাক্ষর করতে হবে। যা নিলাম দরপত্রে সংযুক্ত নমুনা স্বাক্ষরের সাথে হুবহু মিল থাকতে হবে। কোন প্রতিনিধির স্বাক্ষর গ্রহণযোগ্য হবে না। দরপত্রে প্রদত্ত স্বাক্ষর বা সংযুক্ত নমুনা স্বাক্ষর জালিয়াতির নমুনা পাওয়া গেলে বা নমুনা স্বাক্ষরের সাথে দরপত্রে স্বাক্ষরের মিল পাওয়া না গেলে উক্ত দরপত্র বাতিল করে দাখিকৃত জামানত জেলা পরিষদ তহবিলে জমা করা হবে। |
| ১০ | নিলাম দরপত্র মোতাবেক দরপত্রের নির্ধারিত স্থানে তাহার উদ্ধৃত (বিড এ্যামাউন্ট) মূল্য অংকে এবং কথায় বাংলা অথবা ইংরেজীতে কালি দ্বারা স্পষ্টভাবে লিখতে হবে। পেন্সিল দিয়ে লেখা ও ঘষামাজা কিছুতেই গ্রহণযোগ্য নহে এবং কোথাও অস্পষ্ট বা কাটাকাটি হলে তা পুনরায় স্পষ্ট করে লিখতে হবে। কাটাকাটির স্থানে দরদাতাার স্বাক্ষর থাকতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল করা যেতে পারে। অংকে এবং কথায় উদ্ধৃত দরের মধ্যে কোন গড়মিল পাওয়া গেলে যেটি বেশী সেটি গ্রহণ করা হবে। |
| ১১ | একই ব্যক্তি বা প্রতিষ্ঠান একাধিক গ্রুপ/লটে অংশ গ্রহণ করতে পারবেন, তবে প্রতি গ্রুপ/লটের জন্য পৃথক পৃথক নিলাম দরপত্র যথাযথ ভাবে পুরণ করে আলাদা আলাদা সীল মোহরকৃত খামে কাজের নাম ও গ্রুপ/লট নং উল্লেখ পূর্বক দরপত্রে বর্ণিত স্থানসমূহে টেন্ডার বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জমা দিতে হবে। |
| ১২ | কুরিয়ার, ফ্যাক্স বা ডাকযোগে প্রেরিত নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না। |
| ১৩ | যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান দরপত্র প্রদান বা গ্রহণের সময় বিশৃংঙ্খলা / গোলযোগ, উত্তেজনা বা ত্রাস সৃষ্টির অপপ্রয়াস চালান বা ভয়-ভীতি প্রদর্শনের মাধ্যমে দরপত্র দাখিলে বাধা প্রদান করেন তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং অনুরুপ ব্যক্তি বা প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্র বাতিল করা হবে ও জামনাত বাজেয়াপ্ত করা হবে। |
| ১৪ | কোন লট/গ্রুপে দুই বা ততোধিক দরদাতার দর সমান হলে সংশ্লিষ্ট দরদাতাগণের উপস্থিতিতে লটারীর মাধ্যমে একজন সফল দরদাতা নির্বাচন করা যেতে পারে। তবে এক্ষেত্রে কোন জটিলতা দেখা গেলে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। |
| ১৫ | যথাযথ কর্তৃপক্ষ অনিবার্য কারণে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিলাম দরপত্র বিজ্ঞপ্তির যাবতীয় কার্যক্রম স্থগিত অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। |
| ১৬ | কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী দরদাতার দর গ্রহণের তারিখ হতে সংশ্লিষ্ট গ্রুপ/লটে উল্লেখিত গাছের দায়-দায়িত্ব ক্রেতার উপর বর্তাবে। দর গ্রহণের পর গাছ নষ্ট হলে কর্তৃপক্ষ দায়ি থাকবে না । কার্যাদেশ পাওয়ার পর উক্ত গ্রুপ/লটে যে পরিমাণ ও যে মানের যে যে প্রজাতির যতটি গাছ যে খানে যে অবস্থায় থাকবে সে অবস্থায় গাছগুলি বুঝে নিয়ে দরপত্রের শর্ত ও চুক্তি মোতাবেক কাজ সম্পন্ন করতে হবে। অন্যথায় চুক্তি বাতিল পূর্বক জামানত বাজেয়াপ্ত করতঃ বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে। |
| ১৭ | কর্তৃপক্ষ কর্তৃক দর গৃহীত হওয়ার পর আয়কর ,ভ্যাট ও উদ্ধৃত মূল্যের সমুদয় টাকা চালানের মাধ্যমে সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করতে হবে। সমুদয় অর্থ পরিশোধের পর কার্যাদেশ প্রদান করা হবে। |
| ১৮ | কার্যাদেশ পাওয়ার পর জেলা পরিষদ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে গাছগুলি বুঝে নিয়ে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্রের শর্ত ও চুক্তি অনুযায়ী গাছ কর্তন ও আনুসঙ্গিক কাজ শেষ করতে হবে। |
| ১৯ | নিলামকৃত গাছ অপসারণকাজে ব্যবহৃত যে কোন যন্ত্রপাতি, মালামাল নিলাম দরদাতাকেই নিজ খরচে যোগান দিতে হবে। |
| ২০ | নিলাম বর্হিভুত কোন গাছ কর্তন করলে জামানত বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ২১ | নির্বাচিত নিলাম দরদাতা গাছ কাটার সময় তার গ্রুপের একপ্রান্ত হতে সড়কের উভয় পার্শ্বের নিলামকৃত গাছ জেলা পরিষদের নিয়োজিত প্রতিনিধির সাথে আলোচনা করে কর্তৃন করবেন। এলোমেলো ভাবে গাছ কাটা যাবে না। |
| ২২ | গাছ কাটার সময় গাছের ডালপালা, গুড়ি ইত্যাদি কোন অবস্থাতেই সড়কের উপর ফেলে সড়ক যোগাযোগের প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। গাছ কাটার সময় সামনে এবং পিছনে প্রয়োজনীয় সিগন্যাল বোর্ড দিয়ে যানবাহন, পশু ও জনসাধারনের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এই কাজ চলাকালিন সময়ে কোন দুর্ঘটনা ঘটলে এর সম্পূর্ণ দায়-দায়িত্ব নিলাম দরদাতার উপর বর্তাবে এবং এর জন্য প্রয়োজনীয় ক্ষতিপূরণ তাকে মিটাতে হবে। |
| ২৩ | গাছ কাটার শুরু হতে শেষ পর্যন্ত সময়ের মধ্যে রাস্তার যানবাহন চলাচলের কোন ব্যাঘাত সৃষ্টি করা যাবে না। কোন প্রকার ব্যাঘাত সৃষ্টি হলে নির্বাচিত দরপত্র দাতাকেই দায়ি করা হবে। |
| ২৪ | গাছ কাটার সময় রাস্তা বা রাস্তার পার্শ্বে কোন সরকারী/বে-সরকারী যথাঃ ঘরবাড়ী, দালানকোঠা, বৈদ্যুতিক তার বা খুটি, টেলিফোন তার বা খুটি ইত্যাদি ক্ষতি গ্রস্থ হলে নির্বাচিত দরদাতাকে নিজ ব্যয়ে ক্ষতিপূরণ দিতে হবে। |
| ২৫ | দরদাতা রাত্রে বেলা কোন রকম গাছ কাটতে পারবেন না। প্রয়োজন হলে জেলা পরিষদ কর্তৃপক্ষের নিকট হতে অনুমতি নিতে হবে। |
| ২৬ | গাছ কাটার সময় সড়কের কোন ক্ষতি সাধন করা যাবে না । নির্ধারিত সময়ের মধ্যে কর্তনকৃত গাছের ডালপালা প্রভৃতি নিজ খরচে পরিবহন করে কার্যস্থান পরিস্কার করতে হবে । |
| ২৭ | নির্বাচিত দরদাতাকে গাছকাটা, পরিবহন, স্থান পরিস্কারকরণ ও মাটিদ্বারা গর্তপূরণ, প্রয়োজনীয় সিগন্যাল দ্বারা নিরাপত্তা নিশ্চিতকরণ, পাহারার ব্যবস্থাকরণ ইত্যাদি কাজগুলি দরদাতাকে নিজ খরচে করতে হবে। |